

কৃষি সমূহ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালকের কার্যালয়

বীজ প্রত্যয়ন এজেন্সী

গাজীপুর-১৭০১

([www.sca.gov.bd](http://www.sca.gov.bd))



স্মারক নং : ১২.০৮.০০০০.০০৭.০৫.০০৫.১৯- নং ৮২(গ)

তারিখ : ২০/০৬/২০২০

অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/ অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী

তারিখ : ১০/০৩/২০২১ খ্রি, সময় : বেলা ৩.৩০ ঘটিকা।

স্থান : পরিচালক মহোদয়ের অফিস কক্ষ, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।

সভাপতি : আবদুর রাজ্জাক, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।

উপস্থিতি : পরিশিষ্ট “ক”

আলোচ্য সূচি :

- ১) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর বাস্তবায়ন অগ্রগতি।
- ২) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সম্পর্কিত।
- ৩) বিবিধ।

পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী সভায় উপস্থিতি সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে ফোকাল পয়েন্টকে সভা শুরু করতে বলেন। ২০২০-২১ অর্থবছরে সম্পাদিত এপিএ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম এবং বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে উপস্থিতি সকলের সাথে আলোচনা করেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিয়ন্ত্রিত সিদ্ধান্ত গৃহীত হয় :

১। অভিযোগ প্রতিকার ব্যবস্থা : এ প্রসঙ্গে APA ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপপরিচালক (পরিকল্পনা, বাস্তবায়ন ও মূল্যায়ন) সভাকে জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এ সংস্থার সেবা সম্পর্কে যদি কোন অভিযোগ থাকে অভিযোগ থাকলে তা আমলে নিয়ে সেবা গ্রহীতা/ অংশীজনের দুপক্ষকে সাথে নিয়ে অবহিতকরণের জন্য প্রতি ত্রৈমাসিক সময়ে একটি অবহিতকরণ সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। তিনি এ বিষয়ে সংস্থার অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) কে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। উপপরিচালক (প্রশাসন) ও অনিক সভায় জানান যে, প্রতি মাসে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে একটি মাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে যায়। প্রতি ত্রৈমাসিক সভা আয়োজনের লক্ষ্যমাত্রার বিপরীতে বিগত অক্টোবর-ডিসেম্বর ২০২০ ত্রৈমাসিক সভা আয়োজন করা হয়েছিল। কোন অভিযোগ থাকলে তা দুটি আমলে নিয়ে নিষ্পত্তির ব্যবস্থা করার বিষয়ে সকলে অভিযোগ থাকলে তার মাসিক প্রতিবেদনের উপর মন্ত্রণালয় গুরুত্বারোপ করে। এ প্রসঙ্গে অতিরিক্ত উপপরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং) সভাকে জানান যে, এই Software সম্পর্কিত কোন ইউজার আইডি ও পাসওয়ার্ড আমাদের জানা নেই।

সিদ্ধান্তসমূহ :

- ১। এপিএ ২০২০-২১ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নিয়মিত ত্রৈমাসিক সভা আয়োজন করতে হবে।
- ২। অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কিত প্রতিবেদনসমূহ যথাসময়ে মন্ত্রণালয়ে পাঠাতে হবে ও ওয়েবসাইটে আপলোড দিতে হবে।
- ৩। কোন অভিযোগ থাকলে তা নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।
- ৪। GRS সফটওয়্যারে ইউজার আইডি ও পাসওয়ার্ড থাকলে তা জানার ব্যবস্থা করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় এপিএ টিমের সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১. ০৩/০৬  
২০২০

আবদুর রাজ্জাক  
পরিচালক  
ফোন: ৮৯৭২২০১  
[director@sca.gov.bd](mailto:director@sca.gov.bd)

বিতরণ -জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) :

১. অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
২. উপপরিচালক (প্রশাসন/ অর্থ ও হিসাব/ মাঠ প্রশাসন/ পরি: বাস্ত: ও মূল্য:/ মান নিয়ন্ত্রণ), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
৩. প্রধান বীজ প্রযুক্তিবিদ, কেন্দ্রীয় বীজ পরীক্ষাগার, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
৪. সিনিয়র ট্রেনিং অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
৫. অতিরিক্ত উপপরিচালক (প্রশাসন ও অর্থ)/ (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।